বিগত আমলের সারের সব ডিলারশিপ বাতিল : চিফ হুইপ



চিফ হুইপ নুরুল ইসলাম মনি। ছবি: সংগৃহীত

পূর্ববর্তী সরকারের সময়ে নিয়োগ পাওয়া সব সারের ডিলারশিপ বাতিল করেছে বর্তমান সরকার। দ্রুত সময়ের মধ্যে নতুন ডিলার নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছেন সংসদের চিফ হুইপ নুরুল ইসলাম মনি।

বৃহস্পতিবার (২৩ এপ্রিল) জাতীয় সংসদের জেনারেল এম এ জি ওসমানী গেটে সংবাদ সম্মেলনে তিনি এ তথ্য জানান। একই সঙ্গে দেশে জ্বালানি সংকট মোকাবিলায় ১০ সদস্যের একটি সংসদীয় কমিটি গঠনের কথাও জানান তিনি, যেখানে সরকার ও বিরোধী দল থেকে সমানসংখ্যক সদস্য রাখা হবে এবং নেতৃত্ব দেবেন বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু।

চিফ হুইপের ভাষ্য, আগের আমলের অনেক ডিলার অনিয়ম ও সার আত্মসাতে জড়িত ছিলেন, ফলে কৃষকরা যথাযথভাবে সার পাননি। কৃষকদের কাছে সারের সরবরাহ নিশ্চিত করতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন হুইপ মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপু, স্বতন্ত্র এমপি শেখ মজিবুর রহমান ইকবাল এবং প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব-১ জাহিদুল ইসলাম রনি।